

তারিখ : ১৩ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

নতুন শিক্ষামন্ত্রীকে ইআবি ভাইস চ্যান্সেলরের অভিনন্দন



নতুন শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরীকে স্বাগত ও অভিনন্দন জানিয়েছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

১৩-০১-২০২৪ তারিখ (শনিবার) এক অভিনন্দন বার্তায় ভাইস চ্যান্সেলর নতুন শিক্ষামন্ত্রীকে শুভেচ্ছা জানান এবং তার নেতৃত্বে শিক্ষার গুণগত মান নিশ্চিত নতুন দিগন্তের সূচনা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

একই বার্তায় বিদায়ী শিক্ষামন্ত্রী ডা. দীপু মনিকে তার দীর্ঘদিনের নেতৃত্বে শিক্ষা ব্যবস্থাকে আধুনিক ও যুগোপযোগী করার ক্ষেত্রে যে দক্ষতা ও সফলতার স্বাক্ষর রেখেছেন তার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর।

অভিনন্দন বার্তায় মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ আরো বলেন, সার্বিক শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নের পাশাপাশি ইসলামিক শিক্ষা ব্যবস্থার আধুনিকায়নে এবং মাদ্রাসা শিক্ষার গুণগত মান নিশ্চিত নবনিযুক্ত শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী শিক্ষা উপমন্ত্রী থাকা অবস্থায় যে কাজ করেছেন তাতে ইতোমধ্যে ইতিবাচক প্রভাব পড়েছে যা সর্বজন প্রশংসনীয়।

নতুন শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরীকে স্বাগত জানিয়ে অভিনন্দন বার্তায় মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ আরও বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী হিসেবে তিনি যে দায়িত্ব পালন করেছেন তা ছিল প্রশংসনীয়। এই পদে থেকে তিনি যে অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করেছেন তা নতুন দায়িত্ব পালনে আরও বেশি সহায়ক ভূমিকা পালন করবে বলেও মনে করেন ভাইস চ্যান্সেলর। আগামী দিনে তার দক্ষ ও প্রাগ্য নেতৃত্বে গোটা শিক্ষা ব্যবস্থা আরো এগিয়ে যাবে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শিক্ষা দর্শন বাস্তবায়নে সত্যিকার অর্থেই তা প্রভাব ফেলতে সক্ষম হবে যার মধ্য দিয়ে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষা দর্শন ও সমাজ উন্নয়ন বিশ্বব্যাপী সমাদৃত করার ক্ষেত্র তৈরি হবে।

সরকারের চতুর্থ বারের ধারাবাহিকতায় এসে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বাংলাদেশের স্মার্ট নাগরিক গড়ে তুলতে নবনিযুক্ত শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী, সৃজনশীল ও বিশ্বমানের শিক্ষা ব্যবস্থায় প্রতিষ্ঠায় অগ্রভাগে থেকে নেতৃত্ব দেবেন এমনটাই প্রত্যাশা ব্যক্ত করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়